

## প্রেস বিজ্ঞপ্তি

মোবাইল অপারেটরদের থেকে গ্রাহকদের জন্য সকল ধরনের এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ-এর আনুষ্ঠানিক উদ্বোধন

ঢাকা, ২০ ফেব্রুয়ারি, ২০২২:

আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে গ্রাহকদের নিকট মোবাইল অপারেটর কর্তৃক প্রেরিত সকল এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ সংক্রান্ত সেবার উদ্বোধন করেছেন ডাক ও টেলিযোগাযোগ বিভাগের মাননীয় মন্ত্রী জনাব মোস্তাফা জক্কার। রোববার সকালে বাংলাদেশ টেলিযোগাযোগ নিয়ন্ত্রণ কমিশন (বিটিআরসি) এর প্রধান সম্মেলন কক্ষে সিস্টেমস এন্ড সার্ভিসেস বিভাগ কর্তৃক আয়োজিত এ সেবার উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে মন্ত্রী বলেন, ইতোমধ্যে সব অপারেটরদের বাংলায় এসএমএস প্রেরণ সংক্রান্ত কারিগরি কার্যক্রম ৯১ ভাগ শেষ হয়েছে। এছাড়া, অবশিষ্ট ৯ ভাগ কাজ জুন মাসের মধ্যে শেষ করতে সব অপারেটরদের প্রতি আহ্বান জানান তিনি। বাংলায় এসএমএস সেবা চালুর উদ্যোগ নেওয়ার জন্য বিটিআরসি ও অপারেটরদের প্রতি ধন্যবাদ জানিয়ে তিনি আরো বলেন, গ্রাহকদের কাছে তার নিজের ভাষায় তথ্য প্রদান না করলে তার প্রভাব ফলপ্রসূ হয় না।

সভার শুরুতে বিটিআরসির ভাইস-চেয়ারম্যান জনাব সুব্রত রায় মৈত্র বলেন, ইতোমধ্যে সকল মোবাইল হ্যান্ডসেটে বাংলা টাইপিং ব্যবস্থা এবং গ্রাহকদের জন্য অর্ধেক খরচে বাংলায় এসএমএস সেবা চালু করা হয়েছে। ইংরেজিতে কোনো বার্তা প্রেরণ করলে অনেক গ্রাহকই বুঝতে পারে না উল্লেখ করে তিনি বলেন, বাংলায় এসএমএস চালুর ফলে সকল বাংলা ভাষাভাষী মানুষ উপকৃত হবে।

পরবর্তীতে কমিশনের মহাপরিচালক (সিস্টেমস এন্ড সার্ভিসেস) ব্রিগে: জেনা: মোঃ নাসিম পারভেজ এনডিসি, এফডব্লিউসি, পিএসসি বাংলায় এসএমএস সেবা চালু সংক্রান্ত কার্যক্রমের আদ্যাপ্ত বিশদভাবে উপস্থাপন করেন। তিনি জানান, গ্রাহকের কাছে বাংলা এসএমএস প্রেরণের ক্ষেত্রে সবচেয়ে এগিয়ে রয়েছে বাংলালিংক। প্রতিষ্ঠানটির ৫ ভাগ কাজ এখনো বাকী আছে। এর পরের অবস্থানের রয়েছে গ্রামীণফোন। অপারেটরটি বাংলাকরণের ৯০ ভাগ কাজ শেষ করেছে। রাষ্ট্রীয় মালিকানাধীন অপারেটর টেলিটক ৮৫ ভাগ এবং রবি ৭৮ ভাগ কার্যক্রম বাস্তবায়ন করেছে। বর্তমানে দৈনিক ১৫১ কোটি ৮৫ লাখ খুদে বার্তা গ্রাহককে দেয়া হয় জানিয়ে তিনি আরো বলেন, আগামী ৩০ জুনের মধ্যে ৯১ ভাগ এসএমএস বা খুদে বার্তা বাংলাকরণ সম্ভব হবে।

বাংলায় এসএমএস সেবা চালুর উদ্যোগকে যুগান্তকারী মাইলফলক উল্লেখ করে গ্রামীণফোনের প্রধান নির্বাহী কর্মকর্তা ইয়াসির আজমান বলেন, বাংলায় এসএমএস বা খুদে বার্তা প্রেরণের কাজটি চ্যালেঞ্জিং সত্ত্বেও গ্রামীণফোন দায়বদ্ধতার জায়গা থেকে এই সেবা চালু করেছে।

টেলিটকের ব্যবস্থাপনা পরিচালক মোঃ সাহাব উদ্দিন বলেন, অমর একুশের মাসে বাংলায় এসএমএস সেবা চালুর কতে পেরে টেলিটক গর্ববোধ করছে। টেলিটকের অসম্পন্ন কাজ জুনের মধ্যে শেষ হবে বলেও জানান তিনি।

রবির ভারপ্রাপ্ত প্রধান নির্বাহী কর্মকর্তা রিয়াজ রশীদ বলেন, ভাষার মর্যাদা রক্ষা করা আমাদের সবার দায়িত্ব। বিটিআরসির উদ্যোগকে স্বাগত জানিয়ে তিনি বলেন, রবির অবশিষ্ট কাজ দ্রুত শেষ করার লক্ষ্যে কার্যক্রম এগিয়ে চলছে।

বাংলালিংকের চিফ কর্পোরেট অ্যাফেয়ার্স অফিসার তাইমুর রশীদ বলেন, প্রযুক্তিতে বাংলা ভাষা ব্যবহারের ক্ষেত্রে বিটিআরসির নির্দেশনা অনুযায়ী বাংলালিংক কাজ করে চলেছে। তীব্র প্রতিযোগিতামূলক টেলিযোগাযোগ খাতে নানা প্রতিকূলতার মাঝেও বাংলালিংক বাংলায় এসএমএস সেবাটি চালু করেছে।

অনুষ্ঠানে ডাক ও টেলিযোগাযোগ বিভাগের সচিব জনাব মোঃ খলিলুর রহমান বলেন, বর্তমান সরকার প্রযুক্তিতে বাংলার ব্যবহার নিয়ে সবসময় সচেতন ছিল। জাতিসংঘের দাপ্তরিক ভাষা বাংলা করতে সরকার চেষ্টা চালিয়ে যাচ্ছে উল্লেখ করে তিনি বলেন, ডাক ও টেলিযোগাযোগ বিভাগ অত্র মন্ত্রণালয়ের ইংরেজিতে ছাপানো অধিকাংশ আইন বাংলায় রূপান্তরের উদ্যোগ নিয়েছে।


সবশেষ সভাপতির বক্তব্যে বিটিআরসি'র চেয়ারম্যান জনাব শ্যাম সুন্দর সিকদার জানান, ১৮ ধরনের মোবাইল এসএমএস/নোটিফিকেশন বাংলায় প্রেরণ করা হবে। বাংলায় এসএমএস/নোটিফিকেশন সেবাটি চালু করায় অপারেটরদের ধন্যবাদ জানিয়ে তিনি বলেন, বিটিআরসি অপারেটরদের সাথে সুসম্পর্ক বজায় রেখেই সবসময় কাজ করছে।

অনুষ্ঠানে অন্যান্যদের মধ্যে কমিশনের ইঞ্জিনিয়ারিং এন্ড অপারেশনস বিভাগের কমিশনার প্রকৌশলী মোঃ মহিউদ্দিন আহমেদ, বিটিআরসির লীগ্যাল এন্ড লাইসেন্সিং বিভাগের কমিশনার আবু সৈয়দ দিলজার হুসেইন, মহাপরিচালক (স্পেকট্রাম) ব্রিগেডিয়ার জেনারেল মোহাম্মদ মনিরুজ্জামান জুয়েল, মহাপরিচালক (অর্থ, হিসাব ও রাজস্ব) প্রকৌশলী মোঃ মেসবাহুজ্জামান সহ বিটিআরসি ও মোবাইল অপারেটরদের উর্ধ্বতন কর্মকর্তাগণ উপস্থিত ছিলেন।

অনুরোধক্রমে

প্রাপক (সদয় কার্যার্থে):

- ১। উপ-মহাপরিচালক (বার্তা)  
বাংলাদেশ টেলিভিশন এবং
- ২। সম্পাদক/ প্রধান বার্তা সম্পাদক, দৈনিক সংবাদপত্র;  
হেড অব নিউজ/ চীফ নিউজ এডিটর;  
বার্তা সংস্থা/ টেলিভিশন চ্যানেল/রেডিও চ্যানেল;  
অনলাইন নিউজ, ঢাকা, বাংলাদেশ।
- ৩। সচিব, বিটিআরসি।
- ৪। চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত সচিব (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৫। ভাইস চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (ইহা মহোদয়ের সদয় অবগতির জন্য), বিটিআরসি।
- ৬। অফিস কপি।

  
২০/০২/২২  
মো: জাকির হোসেন খান  
উপ-পরিচালক  
(মিডিয়া কমিউ: এন্ড পাব: উই)  
বিটিআরসি  
যোগাযোগঃ ০১৫৫২২০২৮৪০

Email: zakirkhan@btrc.gov.bd